



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনিষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার
কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলম উপপরিচালক
সভার তারিখ	০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.
সভার সময়	১৫:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’ (সংযুক্ত)

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে সংশোধন সংক্রান্ত মতামত আহ্বানের প্রেক্ষিতে সদস্যগণ কোন সংশোধনী নেই মর্মে সভাকে অবহিত করেন। সকলের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপপরিচালকের কার্যালয়সহ অওতাধীন ৪টি জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি আলোচনার জন্য উপস্থাপন করেন এবং বিভিন্ন পর্যবেক্ষণ ও করণীয় সম্পর্কে আলোকপাত করেন।

বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত হওয়ায় সভাপতি কর্তৃক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৪টি জেলা কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির হাল অবস্থা পর্যালোচনায় নিম্নবর্ণিত বিদ্যমান সমূহ পরিলক্ষিত হয়।

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ

১। সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরমেটে প্রস্তুত নয়, অভ্যন্তরীণ সেবা পর “আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবামূলক কার্যাবলী” উপশিরোনামে কতিপয় সেবার উল্লেখ।

২। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে ‘ওয়েবপোর্টালে প্রকাশের জন্য’ এবং হালনাগাদের তারিখ উল্লেখ না থাকা।

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নেত্রকোণা

১। নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি।

২। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে ‘ওয়েবপোর্টালে প্রকাশের জন্য’ এবং হালনাগাদের তারিখ উল্লেখ না থাকা।

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জামালপুর

১। নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি।

২। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে ‘ওয়েবপোর্টালে প্রকাশের জন্য’ এবং হালনাগাদের তারিখ উল্লেখ না থাকা।

৩। ৪ নং কলামে প্রয়োজনীয় কাগজপত্রাদির ক্ষেত্রে সংশ্লিষ্ট তথ্যাদির উল্লেখ না থাকা।

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শেরপুর

১। অভ্যন্তরীণ সেবা পর “জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর কর্তৃক প্রদত্ত সেবা” উপশিরোনামে কতিপয় সেবার উল্লেখ।

২। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে হালনাগাদের তারিখ উল্লেখ না থাকা।

৩। ৭ নং কলামে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যের উল্লেখ না থাকা।

৪। ৮ নং কলামে উর্ধ্বতন কর্তৃপক্ষ হিসাবে বর্তমান জেলা মৎস্য কর্মকর্তার তথ্য সন্নিবেশিত না হওয়া।

অতপর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট বিষয়ে সবিস্তারে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট (৮ কলাম) অনুসরণপূর্বক প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে সংশ্লিষ্ট ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।

২। নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার ক্ষেত্রে কেবল দপ্তর প্রদত্ত সেবাসমূহ উল্লেখ থাকবে।

৩। ওয়েবপোর্টালে প্রকাশিতব্য সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে ‘ওয়েবপোর্টালে প্রকাশের জন্য’ এবং হালনাগাদের তারিখ উল্লেখ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক
০১৭১২৮৭৯০০০
alam.zahangir69@yahoo.com

নম্বর:

তারিখ: _____

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ;
- ২। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ;
- ৩। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শেরপুর;
- ৪। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নেত্রকোণা;
- ৫। সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জামালপুর এবং
- ৬। সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ।

০১-০৩-২০২৩
মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) উপস্থিতি তালিকা